

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী প্রগতি কর্মসূচি
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা
<http://www.pppbd.org>


স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৩৬.২৪.০৬১.১৮-১৫৭৬

তারিখঃ ১৫/০৬/২০২২ খ্রিঃ

বিষয়ঃ “পল্লী প্রগতি কর্মসূচি পুনর্গঠন: অতীত ও বর্তমান প্রেক্ষাপট” শীর্ষক কর্মশালায় অংশ গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন পল্লী প্রগতি কর্মসূচির আয়োজনে বিআরডিবি'র সদর কার্যালয়ে কর্মরত উপপরিচালক এবং তদুর্ধ্ব কর্মকর্তাসহ সংশ্লিষ্টদের অংশগ্রহণে “পল্লী প্রগতি কর্মসূচি পুনর্গঠন: অতীত ও বর্তমান প্রেক্ষাপট” শীর্ষক এক দিনের কর্মশালা আগামী ২৬/০৬/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ টায়, বিআরডিবি'র সম্মেলন কক্ষ, ঢাকায় অনুষ্ঠিত হবে। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য্য, এমপি প্রধান অতিথি হিসেবে উক্ত কর্মশালায় শুভ উদ্বোধন করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মানিত সচিব জনাব মোঃ মশিউর রহমান, এনডিসি। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন জনাব এস.এম. মাসুদুর রহমান, মহাপরিচালক (ভারপ্রাপ্ত), বিআরডিবি, ঢাকা।

সদর দপ্তরে কর্মরত উপপরিচালক এবং তদুর্ধ্ব মনোনীত কর্মকর্তাগণকে (তালিকা সংযুক্ত) উক্ত কর্মশালায় অংশগ্রহণের জন্য আগামী ২৬/০৬/২০২২ খ্রিঃ তারিখ সকাল ০৯.০০ টায় বিআরডিবি'র সম্মেলন কক্ষ, ঢাকায় রেজিস্ট্রেশন করার জন্য অনুরোধ করা হলো।


১৫/০৬/২০২২
মোঃ আলাউদ্দিন সরকার
কর্মসূচি পরিচালক

অনুলিপি অবগতি ও কার্যার্থে :

- ১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জনাব, যুগ্মপরিচালক/প্রকল্প পরিচালক/কর্মসূচি পরিচালক/উপপরিচালক, বিআরডিবি, ঢাকা।
- ৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। পরিচালক (প্রশাসন/সরেজমিন/অর্থ/পরিকল্পনা/প্রশিক্ষণ) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। অফিস কপি।